নিখোঁজের ১৫ দিন পর জকিগঞ্জের মাদ্রাসা ছাত্র সিলেটে হোটেল থেকে উদ্ধার

চেম্বার ডেস্ক:: সিলেটের জকিগঞ্জের থানাবাজার লতিফিয়া ফুরকানিয়া দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেণির ছাত্র নয়ন আহমদ নিখোঁজ হবার ১৫ দিনের মাথায় সিলেটের একটি হোটেল থেকে উদ্ধার করেছেন জকিগঞ্জ সদর ইউপির চেয়ারম্যান মাওলানা আফতাব আহমদ।

সোমবার (৬ জুন) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে সিলেট নগরীর কদমতলী এলাকার নিউ পাঞ্জাখানা হোটেল থেকে তাকে উদ্ধার করা হয়।

জকিগঞ্জ সদর ইউপির চেয়ারম্যান মাওলানা আফতার আহমদ জানান, তিনি কয়েকজন মেম্বারকে সাথে নিয়ে সিলেটের জরুরী কাজে যান। সন্ধ্যার দিকে একজন মোবাইল কলে জানান, কদমতলী এলাকার নিউ পাঞ্জাখানা হোটেলে নিখোঁজ নয়নের মতো এক কিশোরকে দেখা গেছে। পরে ইউপি চেয়ারম্যান সেখানে গিয়ে নয়নকে সনাক্ত করে পুলিশকে খবর দেন।

ইউপি সদস্য মারুফ আহমদ জানিয়েছেন, নয়ন নিখোঁজ হবার পর থেকেই সে ঐ হোটেলে কাজ শুরু করে। হোটেল মালিক ও ম্যানেজারকেও তাঁরা ঘিরে রেখেছেন। জকিগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার ঘটনাস্থলে যাচ্ছেন।

এদিকে, মাদ্রাসা ছাত্র নয়ন নিখোঁজের ঘটনায় জড়িত সন্দেহভাজন মুমিনপুর গ্রামের বাসিন্দা ও গ্রাম পুলিশ আব্দুল মানিক (৫৫)-কে পুলিশ গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠিয়েছে। নয়নের বাবা আব্দুল আহাদের দায়েরকৃত মামলায় পুলিশ মানিক আহমদের ৫ দিনের রিমান্ড চেয়েছেন আদালতে। তবে এখনো সেই রিমান্ড আবেদন শুনানি হয়নি বলে জানাগেছে।

জকিগঞ্জ থানার ওসি মো. মোশাররফ হোসেন এ প্রসঙ্গে জানান, নয়ন নিখোঁজ হবার ঘটনায় অনেক চাপে ছিলেন। সাধারণ মানুষকে কোনভাবেই বুঝানো যায়নি যে, নয়ন হয়তো বাড়ি থেকে পালিয়ে গেছে। এখন নয়নকে ইউপি চেয়ারম্যান পেয়েছেন বলে শুনেছি। পুলিশের হাতে নয়ন পৌঁছা না পর্যন্ত তিনি বিস্তারিত বলতে পারবেন না বলে জানান।